



বাংলাদেশ কৃষিব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিলবা/এ, ঢাকা-১০০০।

জেনারেল ক্রেডিট বিভাগ

www.krishibank.org.bd

নং-প্রকা/জেঃক্রেঃবিঃ(শাখা-০১)/১(১৩)/২০২৪-২০২৫/ ৩৩ (২২০)

তারিখঃ ৩০ জুলাই, ২০২৪

বিষয়ঃ ঋণ ও ক্রেডিট কার্ডের বকেয়া পরিশোধ প্রদান প্রসঙ্গে।

সূত্র নংঃ বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৪, তারিখঃ ২৪ জুলাই ২০২৪ (কপি সংযুক্ত)।

শিরোনামে বর্ণিত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। দেশের সাম্প্রতিক পরিস্থিতিতে অনেক ঋণগ্রহীতা ও ক্রেডিট কার্ড গ্রাহকগণ ব্যাংকে তাদের বকেয়া অর্থ নির্ধারিত সময়ে পরিশোধ করতে সক্ষম হন নি। বর্ণিত প্রেক্ষাপটে, ১৮ জুলাই ২০২৪ হতে ২৫ জুলাই ২০২৪ তারিখ পর্যন্ত পরিশোধযোগ্য ঋণের বকেয়া অর্থ ও ক্রেডিট কার্ডের বিল পরিশোধের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হয়ঃ

"ঋণ এবং ক্রেডিট কার্ডের পরিশোধযোগ্য অর্থ আগামী ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করা হলে এরূপ বকেয়া অর্থের উপর কোনো প্রকারের সুদ/মুনাফা এবং দণ্ড সুদ/অতিরিক্ত সুদ/অতিরিক্ত মুনাফা/বিলম্ব ফি/জরিমানা (যে নামেই অভিহিত করা হোক না কেন) আদায়/আরোপ করা যাবে না এবং ইতোমধ্যে বর্ণিত ঋণ/ক্রেডিট কার্ডের উপর সুদ/মুনাফা ও দণ্ড সুদ/বিলম্ব ফি আদায়/আরোপ করা হয়ে থাকলে তা ফেরত প্রদান/সমন্বয় করতে হবে।"

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৪, তারিখঃ ২৪ জুলাই ২০২৪ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল হোসেন ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯


মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

পত্র নং-প্রকা/ক্রেঃবিঃ(শাখা-০১)/১(১৩)/২০২৪-২০২৫/ ৩৩ (২২০)

তারিখঃ ৩০ জুলাই ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (উপরোক্ত পত্র ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মু.আ.কা/আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। নথি/মহানথি।


30/07/2024
(মহয়া চন্দ)
সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাবহিক প্রবিধি ও নীতি বিভাগ

২৪ জুলাই ২০২৪

তারিখ: -----

০৯ শ্রাবণ ১৪০১

বিআরপিডি সার্ভুলার সেটার নং-৩৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

নাম/ব্যবস্থাপনা পরিচালকের পরিচালনা:	
নং- ৪০৬	তারিখ: ২৪.০৭.২৪
ক্রমিক/ক্রেডিট/কিমে/কিমে/কিমে	২
ব্যবস্থাপনা পরিচালক	

শ্রিয় মহোদয়,

ঋণ ও ক্রেডিট কার্ডের বকেয়া পরিশোধ এবং বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি প্রদান প্রসঙ্গে

দেশের সাম্প্রতিক পরিস্থিতিতে অনেক ঋণগ্রহীতা ও ক্রেডিট কার্ড গ্রাহকগণ ব্যাংকে তাঁদের বকেয়া অর্থ নির্ধারিত সময়ে পরিশোধ করতে সক্ষম হননি। এছাড়া, অনেক আমানতকারী ডিপোজিট পেনশন স্কিম (ডিপিএস)-সহ বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি নির্ধারিত সময়ে জমা প্রদান করতে পারেননি।

- ২। বর্ণিত প্রেক্ষাপটে, ১৮ জুলাই ২০২৪ হতে ২৫ জুলাই ২০২৪ তারিখ পর্যন্ত পরিশোধযোগ্য ঋণের বকেয়া অর্থ পরিশোধ, ক্রেডিট কার্ডের বিল এবং ডিপিএস-সহ বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:

- (ক) ঋণ এবং ক্রেডিট কার্ডের পরিশোধযোগ্য অর্থ আগামী ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করা হলে এরূপ বকেয়া অর্থের উপর কোনো প্রকারের সুদ/মুনাফা এবং দণ্ড সুদ/অতিরিক্ত সুদ/অতিরিক্ত মুনাফা/বিলম্ব ফি/জরিমানা (যে নামেই অভিহিত করা হোক না কেন) আদায়/আরোপ করা যাবে না।
- (খ) ডিপিএস-সহ বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি গ্রাহক কর্তৃক ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করা হলে এর উপর কোনো ধরনের বিলম্ব ফি বা জরিমানা আদায়/আরোপ করা যাবে না। এছাড়া, উল্লিখিত সময়ে কোনো সঞ্চয়ী স্কিমের কিস্তি পরিশোধে গ্রাহকের অসমর্থতার কারণে তা বন্ধ/বাতিল করা যাবে না এবং পূর্বঘোষিত হারের তুলনায় কম সুদ/মুনাফা প্রদান করা যাবে না।
- (গ) ইতোমধ্যে বর্ণিত ঋণ/ক্রেডিট কার্ডের উপর সুদ/মুনাফা ও দণ্ড সুদ/বিলম্ব ফি এবং ডিপিএস-সহ বিভিন্ন সঞ্চয়ী স্কিমের উপর কোনো প্রকারের বিলম্ব ফি/জরিমানা আদায়/আরোপ করা হয়ে থাকলে তা ফেরত প্রদান/সমন্বয় করতে হবে।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২

নং- ০৭৬	তারিখ: ২৪/৭/২৪
ক্রমিক/ক্রেডিট/কিমে/কিমে/কিমে	
ব্যবস্থাপনা পরিচালক	

নং- ০৬	তারিখ: ২৪/০৭/২৪
ক্রমিক/ক্রেডিট/কিমে/কিমে/কিমে	
ব্যবস্থাপনা পরিচালক	